

সমকাল

চট্টগ্রাম ও রংপুর আঞ্চলিক পর্ব অনুষ্ঠিত

প্রশ্ন-উত্তর ও আলোচনায় উদ্দীপ্ত শিক্ষার্থীরা

প্রকাশ: ১৯ মার্চ ২৩ | ০০:০০ | আপডেট: ১৯ মার্চ ২৩ | ১০:৫২ | প্রিন্ট সংস্করণ

চট্টগ্রাম ব্যুরো, দিনাজপুর ও ফুলবাড়ী প্রতিনিধি



চট্টগ্রাম নগরীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের কলেজিয়েট মাঠে শনিবার বিডিবিও-সমকাল জীববিজ্ঞান উৎসবে অতিথিদের সঙ্গে বিজয়ীরা - সমকাল

মানুষের কেন ডানা হয় না? সবার আয়ু কেন সমান নয়? এমন অসংখ্য বিচিত্র প্রশ্নের মুখোমুখি হয়েছিলেন শিক্ষকরা বিডিবিও-সমকাল জীববিজ্ঞান উৎসবের চট্টগ্রাম ও রংপুর আঞ্চলিক পর্বে। শিক্ষকরা এসব প্রশ্নের উত্তর সহজভাবে বুঝিয়ে দেন শিক্ষার্থীদের। গতকাল শনিবার নৈর্ব্যক্তিক পরীক্ষা, প্রশ্নোত্তর পর্ব, আলোচনা অনুষ্ঠান ও পুরস্কার বিতরণীসহ নানা আয়োজনের মধ্য দিয়ে বিডিবিও-সমকাল জীববিজ্ঞান উৎসবের চট্টগ্রাম ও রংপুর আঞ্চলিক পর্ব অনুষ্ঠিত হয়।

চট্টগ্রামে কলেজিয়েট স্কুল মাঠে গতকাল সকালে উৎসবের উদ্বোধন করেন প্রধান শিক্ষক মুহাম্মদ সিরাজুল ইসলাম। জীববিজ্ঞান উৎসব চট্টগ্রাম আঞ্চলিক কমিটির সভাপতি অধ্যাপক ড. মোহাম্মদ আল-ফোরকানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডা. মোহাম্মদ ইসমাইল খান। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের উপপরিচালক ডা. বিদ্যুৎ বড়ুয়া ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেডিকেল বিশ্ববিদ্যালয়ের প্যাথলজি বিভাগের সভাপতি অধ্যাপক ডা. মোহাম্মদ জিল্লুর রহমান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন সমকালের চট্টগ্রাম ব্যুরোপ্রধান সারোয়ার সুমন এবং জীববিজ্ঞান উৎসব চট্টগ্রাম আঞ্চলিক কমিটির সাধারণ সম্পাদক সাহেদ মাহমুদ।

উৎসবে বিভাগের ১২০টি শিক্ষাপ্রতিষ্ঠানের ১৬০০ শিক্ষার্থী অংশগ্রহণ করে। এতে তিন ক্যাটাগরিতে জাতীয় পর্যায়ে যাওয়ার সুযোগ পেয়েছে ১১২ শিক্ষার্থী। নৈর্ব্যক্তিক পরীক্ষায় চ্যাম্পিয়ন হয়েছে ২৫ জন। প্রশ্নোত্তর পর্যায়ে সেরা পাঁচ প্রশ্নকারীকেও পুরস্কৃত করা হয়। সেরা প্রতিষ্ঠান হয়েছে ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়। সবচেয়ে বেশি প্রতিযোগী অংশগ্রহণকারী প্রতিষ্ঠান হিসেবে পুরস্কার পেয়েছে বাংলাদেশ মহিলা সমিতি বালিকা উচ্চ বিদ্যালয়।

চ্যাম্পিয়ন ২৫ শিক্ষার্থী হলো— উচ্চ মাধ্যমিক ক্যাটাগরিতে আহমাদ আবদুল্লাহ জামি, আবদুল্লা আল নাহিয়ান, সাইদ ইফতেকার সালাম দীপ্ত, কঙ্খমিতা ভৌমিক, সৌম্য দাশ এবং মোহতাসিম ফাহিম। জুনিয়র ক্যাটাগরিতে জাওয়াদ বিন ইয়াছা, রাজদীপ নাথ, অভিজ্ঞান ভট্টাচার্য, তাসবিরুল জান্নাত, শ্রিজিয়া চক্রবর্তী, সানজিদা করিম, ফুয়াদ হোসাইন, নাবিলা নিশাত সামিন, তাহাসিন হোসাইন, অরুণিমা সিনহা, হাসিব হিসাম, হুমায়রা ইসনাত, ফাহবিন সুহরাহ সোহা, অক্ষিতা ঘোষ, অনিন্দিতা চৌধুরী, রুবাইদা আজিজ, জেবা মাহমুদা, মেহরাজ হাসনাইন এবং ফাহিম মুহতাসিম।

একই দিন উৎসবের রংপুর আঞ্চলিক পর্ব অনুষ্ঠিত হয় দিনাজপুর আদর্শ মহাবিদ্যালয়ে। উৎসবে রংপুর বিভাগের আট জেলার ৯ শতাধিক শিক্ষার্থী অংশগ্রহণ করে। সকালে উৎসবের উদ্বোধন করেন প্রধান অতিথি জাতীয় সংসদের লুইপ ইকবালুর রহিম। দিনাজপুর হাবিপ্রবির আইকিউএসির পরিচালক ড. বিকাশ চন্দ্র সরকারের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন উৎসবের রংপুর বিভাগীয় আঞ্চলিক কমিটির সভাপতি জিয়াউর হক সিজার, দিনাজপুর আদর্শ কলেজের অধ্যক্ষ ড. সৈয়দ রেদওয়ানুর রহমান, বিডিবিওর অনিরুদ্ধ প্রামাণিক, সায়েন্স একাডেমির সহসভাপতি আসাদুল্লাহ সরকার, সমকালের দিনাজপুর জেলা প্রতিনিধি বিপুল সরকার সানি, ফুলবাড়ী প্রতিনিধি আজিজুল হক সরকার, দিনাজপুর সমকাল সুহদ সমাবেশ সভাপতি তুষার শুভ্র বসাক, সাধারণ সম্পাদক বিজন কুমার দাস প্রমুখ। উৎসবে প্রশিক্ষণ ও কারিগরি সহযোগিতা করেছে দিনাজপুর সায়েন্স একাডেমি, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি ও ল্যাব বাংলা।

উৎসবে জুনিয়র, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে নৈর্ব্যক্তিক পরীক্ষা অনুষ্ঠিত হয়। জুনিয়র পর্যায়ে মোট বিজয়ী ৯৮, মাধ্যমিক পর্যায়ে ৮৪ ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ১৬ জন। জুনিয়র পর্যায়ে চ্যাম্পিয়ন অব দ্য চ্যাম্পিয়ন হয়েছে ঠাকুরগাঁও বণিক সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী রাজিয়াতুন

জিন্মাহ। মাধ্যমিক পর্যায়ে চ্যাম্পিয়ন অব দ্য চ্যাম্পিয়ন রংপুর পুলিশ লাইন্স স্কুল অ্যান্ড কলেজের মেহেজাবিন সরকার দুরন্ত এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে দিনাজপুর সরকারি কলেজের শিক্ষার্থী রাজন্য রায়।

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : মোজাম্মেল হোসেন । প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮-৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com